# সামসুল হক খান স্কুল অ্যান্ড কলেজ

ওয়ার্ড-৬৫, ডিএসসিসি, মাতুয়াইল, ডেমরা, ঢাকা

ফোন: ০২২২৩৩০৩৮০২

www.shksc.edu.bd

**EIIN-107915**

## ২০২৬ শিক্ষাবর্ষে ৭ম - ৯ম শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

১। সামসুল হক খান স্কুল অ্যান্ড কলেজে ২০২৬ শিক্ষাবর্ষে বাংলা মাধ্যমে ৭ম শ্রেণি - ৯ম শ্রেণি পর্যন্ত **কেবলমাত্র শূন্য আসনে** বালক ও বালিকা ভর্তির জন্য আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

২। ১০/১২/২০২৫ - ২৩/১২/২০২৫ তারিখ সকাল ৯টা - বিকাল ২টা পর্যন্ত অফিস কক্ষে (নীচ তলায় ১০৩ নং কক্ষ) আবেদন ফরম বিতরণ চলবে।

৩। অভিভাবকবৃন্দকে নির্ধারিত সময়ে অফিস কক্ষ থেকে আবদেন ফরম সংগ্রহ করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন ক্রমেই ফরম সংগ্রহ করা যাবে না। **আবেদন ফরমের মূল্য ৫০০ (পাঁচশত) টাকা।**

৪। সপ্তম - নবম শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের বয়স (শ্রেণিভিত্তিক) নিম্নলিখিত হতে হবে।

| | |
|---|---|
| **সপ্তম শ্রেণি** | **ষষ্ঠ শ্রেণির রেজিস্ট্রেশন অনুযায়ী** |
| **অষ্টম শ্রেণি** | **ষষ্ঠ শ্রেণির রেজিস্ট্রেশন অনুযায়ী** |
| **নবম শ্রেণি** | **অষ্টম শ্রেণির রেজিস্ট্রেশন অনুযায়ী** |

**ভর্তি ফরম জমা দেয়ার সময় জন্ম সনদের অন লাইন ভেরিফায়েড এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।**

৫। প্রার্থীর সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে পিন-আপ করে দিতে হবে। ছবির পিছনে শিক্ষার্থীর পূর্ণ নাম লেখা থাকতে হবে।

৬। **জন্ম নিবন্ধন সনদ অনুযায়ী ফরমে শিক্ষার্থীর পূর্ণ নাম এবং পিতা-মাতার পূর্ণ নাম উল্লেখ করতে হবে। ভর্তিকৃত শিক্ষার্থী বা তার পিতা-মাতার নাম/নামের কোন অংশ পরবর্তী সময়ে কোন ক্রমেই পরিবর্তন করা যাবে না। উল্লেখ্য, এ বিষয়ে আবেদন করলে তাৎক্ষণিকভাবে তার ভর্তি বাতিল করা হবে।**

৭। অসম্পূর্ণ ফরম বাতিল বলে গণ্য হবে।

৮। যে শ্রেণিতে ভর্তি হবে তার পূর্ববর্তী শ্রেণিতে অবশ্যই উত্তীর্ণ হতে হবে।

৯। ৭ম, ৮ম ও ৯ম শ্রেণির ভর্তির ক্ষেত্রে বোর্ড রেজিস্ট্রেশনের Final List এর (পূর্ববর্তী প্রতিষ্ঠান প্রধান কর্তৃক) সত্যায়িত কপি সঙ্গে জমা দিতে হবে।

১০। শারীরিক ও মানসিক সুস্থতা থাকতে হবে।

১১। শারীরিক বৃদ্ধি ও গঠন স্বাভাবিক (শ্রেণি উপযোগী) হতে হবে।

১২। **৭ম - ৯ম শ্রেণিতে লিখিত মেধা যাচাই ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।**

১৩। **ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রের ধরণ ও সিলেবাস সম্পর্কিত তথ্য ফরমের সাথে সংযুক্ত রয়েছে।**

১৪। **লিখিত পরীক্ষার ফলাফল প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ঘোষিত তারিখ ও সময়ে নোটিশ বোর্ড, প্রতিষ্ঠানের ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং মোবাইলে SMS এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।**

১৫। **ফরমে ক্রমিক নম্বরে কোন অস্পষ্টতা থাকলে ফরম সংগ্রহের সময় কাউন্টার থেকে সংশোধন করে নিতে হবে।**

১৬। ভর্তিচ্ছু প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৭। ২০২৫ শিক্ষাবর্ষে এই প্রতিষ্ঠান হতে অনুত্তীর্ণ ছাত্র/ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

১৮। এই স্কুলে ভর্তির জন্য কারো মাধ্যমে তদবির করে প্রতারণার শিকার না হওয়ার জন্য সম্মানিত অভিভাবকদের পরামর্শ দেয়া হল।

**(মো. মাহবুবুর রহমান মোল্লা)**

প্রিন্সিপাল

সামসুল হক খান স্কুল অ্যান্ড কলেজ ডেমরা, ঢাকা